বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন প্রদত্ত সাধারণ বৃত্তি, মেধা বৃত্তি ও স্বর্ণপদকের জন্য দরখাস্ত আহ্বান-২০২০ এবং ২০২১ (দুই বছর)

**প্রত্যেক পর্যায়ের আবেদনকারীকে রোকেয়া হলের আবাসিক/অনাবাসিক ছাত্রী হতে হবে।**

১. সাধারণ বৃত্তি

স্নাতক পর্যায়ে বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত রোকেয়া হলের মেধাবী, বিদ্যোৎসাহী ও সহ-পাঠ্যক্রম কার্যকলাপে পারদর্শী ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে S.S.C এবং H.S.C পরীক্ষায় GPA পদ্ধতিতে ৫.০০ পয়েন্ট স্কেলে ৪র্থ বিষয় ছাড়া নূন্যতম ৪.৫ এবং স্নাতক সম্মান পর্যায়ে নূন্যতম CGPA ৩.৫ প্রাপ্ত হতে হবে।

**যে সকল ছাত্রী ১ম বর্ষে নিম্নোক্ত সেশনে ভর্তি হয়ে বর্তমানে বিভিন্ন বর্ষে অধ্যয়ন করছে তারা আবেদন করতে পারবে। কোনো শিক্ষাবর্ষে পুণঃভর্তি হওয়া ছাত্রী আবেদন করার যোগ্য নয়।**

২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ (১ম, ২য় ও ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে বৃত্তি পাবে)।
২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ (১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে বৃত্তি পাবে)।
২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ (১ম বর্ষের ফলাফলের ভিত্তিতে বৃত্তি পাবে)।

২. মেধা বৃত্তি

**আবেদনকারী ১ম বর্ষ ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ছাত্রী হতে হবে।**

মেধা বৃত্তির জন্য আবেদনকারীকে স্নাতক সম্মান পরীক্ষায় নূন্যতম প্রথম শ্রেণি/CGPA ৩.৬, এবং S.S.C ও H.S.C পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া নূন্যতম GPA ৪.৫ প্রাপ্ত হতে হবে। অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাবৃত্তির জন্য আবেদন করতে হবে। কোনো শিক্ষাবর্ষে পুনঃভর্তি হওয়া ছাত্রী আবেদন করার যোগ্য নয়।

৩. স্বর্ণপদক

**আবেদনকারী ১ম বর্ষ ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ছাত্রী হতে হবে।**

স্বর্ণ পদকের জন্য আবেদনকারীকে S.S.C এবং H.S.C পরীক্ষায় GPA পদ্ধতিতে ৫.০০ পয়েন্ট স্কেলে ৪র্থ বিষয় ছাড়া নূন্যতম GPA ৪.৫ এবং স্নাতক সম্মান পরীক্ষায় নূন্যতম প্রথম শ্রেণি/ CGPA ৩.৭ প্রাপ্ত হতে হবে। অনার্স পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্বর্ণপদকের জন্য আবেদন করতে হবে। কোনো শিক্ষাবর্ষে পুনঃভর্তি হওয়া ছাত্রী আবেদন করার যোগ্য নয়।

**স্বর্ণপদকের জন্য উপরে উল্লেখিত শর্তাবলী পূরণ ছাড়াও নিম্নবর্ণিত গুণাবলী অবশ্যই থাকা প্রয়োজন।**

(ক) বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ও নিয়ম কানুনের প্রতি আনুগত্য (এর জন্য পয়েন্ট দিবেন আবাসিক ছাত্রীদের ক্ষেত্রে হল প্রাধ্যক্ষা এবং অনাবাসিক ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক)।

(খ) সাহিত্য ও সংস্কৃতিতে অংশগ্রহণ ও কৃতিত্ব।

(গ) সমাজকল্যাণমূলক কার্যে উৎসাহ ও অংশগ্রহণ।

(ঘ) খেলাধূলায় পারদর্শিতা।

৪. কল্যাণ বৃত্তি

**২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ (১ম বর্ষের ফলাফলের ভিত্তিতে পাবে)।**

আবেদনকারীকে ২য় বর্ষে অধ্যয়নরত **অস্বচ্ছল পরিবারের মেধাবী ছাত্রী হতে হবে**। ছাত্রীকে অবশ্যই অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র প্রদান করতে হবে।

উপরোক্ত শর্ত পূরণে সক্ষম ছাত্রীদের নিজ নিজ বিভাগীয় প্রধানের সুপারিশসহ দরখাস্ত আগামী **০৪/১০/২০২২ ইং** তারিখের মধ্যে আবাসিক শিক্ষিকা অফিসে জমা দিতে বলা হচ্ছে।

১. সমস্ত পরীক্ষার মার্কসীটের সত্যায়িত কপি দিতে হবে।
২. সহশিক্ষা ক্রমিক কার্যাবলীর সার্টিফিকেটের সত্যায়িত কপি দিতে হবে।
৩. অন্যান্য সার্টিফিকেটের কপি (যদি থাকে) দিতে হবে।
৪. ছবি-২ কপি (পাসপোর্ট সাইজ)।
৫. স্থানীয় ঠিকানা (ফোন নং-সহ)/হলের ঠিকানা (কক্ষ নং এবং ফোন নং-সহ)।

To
Notice Board
Website
[signature] 19/9/22

বিঃ দ্রঃ ১) পূর্বে বৃত্তিপ্রাপ্ত ছাত্রীরা শুধুমাত্র স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবে।

২) আবেদন করার ফর্ম রোকেয়া হল আবাসিক শিক্ষক অফিস থেকে সংগ্রহ করতে হবে।

**বেগম রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত স্বর্ণপদক, মেধা বৃত্তি ও সাধারণ বৃত্তির জন্য নীতিমালা: ২০২০ এবং ২০২১ (দুই বছর)**

স্বর্ণপদক, মেধা বৃত্তি ও সাধারণ বৃত্তি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রোকেয়া হলের সকল আবাসিক ও অনাবাসিক ছাত্রীর জন্য উন্মুক্ত।

**১. স্বর্ণপদক: ১টি (১ম বর্ষ ২০১৫-২০১৬) + ১টি (১ম বর্ষ ২০১৬-২০১৭) = মোট ০২টি**

ক) ছাত্রীকে SSC এবং HSC পরীক্ষায় GPA ৫.০০ পয়েন্ট স্কেলে ৪র্থ বিষয় ছাড়া ৪.৫ এবং স্নাতক সম্মান পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৭ প্রাপ্ত হতে হবে।

**খ) নিম্নের গুণাবলীও বিবেচিত হবে-**

i) বিশ্ববিদ্যালয়ের শৃংখলা ও নিয়ম-কানুনের প্রতি আনুগত্য
ii) সাহিত্য ও সংস্কৃতির ক্ষেত্রে অংশগ্রহণ ও কৃতিত্ব
iii) সমাজকল্যাণমূলক কাজে অংশগ্রহণ
iv) খেলাধুলায় পারদর্শিতা

**গ) স্বর্ণপদকের জন্য পয়েন্ট বিন্যাস:**

স্বর্ণপদকের জন্য মোট ১৫ পয়েন্ট থাকবে। স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের জন্য ১০ পয়েন্ট নির্ধারিত থাকবে। CGPA ৩.৮০-৪.০০ প্রাপ্ত ছাত্রী ১০ পয়েন্ট পাবে। গ্রেডিং পদ্ধতির পয়েন্ট বিন্যাস নিম্নে দেয়া হলো।* সহ-পাঠ্যক্রম কার্যকলাপের জন্য ৫ পয়েন্ট নির্ধারিত থাকবে। এই পয়েন্ট নিম্নোক্ত ভাবে গণনা করা হবে।

i) বিভাগের/হলের শৃংখলা ও নিয়ম কানুনের প্রতি আনুগত্য- ১ পয়েন্ট; আবাসিক ছাত্রীদের এবং অনাবাসিক ছাত্রীদের এই পয়েন্ট দিবেন যথাক্রমে হল প্রাধ্যক্ষা এবং বিভাগীয় চেয়ারম্যান।

| | | |
|---|---|---|
| ii) সাহিত্য ও সংস্কৃতির ক্ষেত্রে | চ্যাম্পিয়ন | ২.০ পয়েন্ট |
| | রানার আপ | ১.৫ পয়েন্ট |
| | তৃতীয় | ১.০ পয়েন্ট |
| | অংশগ্রহণ | ০.৫ পয়েন্ট |
| iii) সমাজকল্যাণমূলক কাজে অংশগ্রহণ ও অবদান | | ১.০ পয়েন্ট |
| iv) খেলাধুলায় পারদর্শিতার ক্ষেত্রে | চ্যাম্পিয়ন | ১.০ পয়েন্ট |
| | রানার আপ | ০.৭৫ পয়েন্ট |
| | তৃতীয় | ০.৫০ পয়েন্ট |
| | অংশগ্রহণ | ০.২৫ পয়েন্ট |

**২. মেধা বৃত্তি: ৪টি (১ম বর্ষ ২০১৫-২০১৬) + ৪টি (১ম বর্ষ ২০১৬-২০১৭) = মোট ০৮টি**

স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত মেধাবী (SSC এবং HSC পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া GPA ৪.৫ প্রাপ্ত; স্নাতক সম্মান পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৬ প্রাপ্ত) চার জন ছাত্রীর প্রত্যেককে এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে। এই চারটি মেধাবৃত্তি (i) কলা, আইন ও চারুকলা অনুষদ, (ii) সামাজিক বিজ্ঞান ও বাণিজ্য অনুষদ, (iii) বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ও আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, (iv) জীববিজ্ঞান ও ফার্মেসী অনুষদের জন্য ১টি করে ধার্য করা হয়েছে। ইনস্টিটিউট থেকে আবেদনকারী ছাত্রীদের দরখাস্ত সংশ্লিষ্ট অনুষদের সাথে অর্থাৎ - IER (i), IBA, ISWR ও IHE (ii), ISRT ও IIT (iii), INFS (iv) নং ক্রমিকে বর্ণিত অনুষদ সমূহের সাথে বিবেচনা করা হবে।

**৩. সাধারণ বৃত্তি: ৪টি (২য় বর্ষ ২০১৬-২০১৭ থেকে ৪র্থ বর্ষ ২০১৮-২০১৯ পর্যন্ত) + ০৪টি (২য় বর্ষ ২০১৭-২০১৮ থেকে ৪র্থ বর্ষ ২০১৯-২০২০ পর্যন্ত) = মোট ০৮টি**

স্নাতক পর্যায়ে ২য় বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত অধ্যয়নরত চার জন মেধাবী (SSC এবং HSC পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া GPA ৪.৫ প্রাপ্ত স্নাতক সম্মান পর্যায়ে ন্যূনতম CGPA ৩.৫ প্রাপ্ত) ছাত্রীর প্রত্যেককে এককালীন ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হবে। সাধারণ বৃত্তিতে মেধার সঙ্গে সহ-পাঠ্যক্রম বিশেষভাবে বিবেচনা করা হবে।

* গ্রেডিং পদ্ধতিতে CGPA ৩.৮০ থেকে ৪.০০ অধিকারী ছাত্রী ১০ পয়েন্ট পাবে এবং প্রতি ০.০৫ CGPA কম পেলে ১ পয়েন্ট করে কাটা যাবে। অর্থাৎ -

| CGPA | পয়েন্ট | CGPA | পয়েন্ট |
|---|---|---|---|
| ৩.৮০-৪.০০ | ১০ | ৩.৬৫-৩.৬৯ | ৭ |
| ৩.৭৫-৩.৭৯ | ৯ | ৩.৬০-৩.৬৪ | ৬ |
| ৩.৭০-৩.৭৪ | ৮ | ৩.৫৫-৩.৫৯ | ৫ |